

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দরিদ্র ছাত্রদের উপবৃত্তি

মাধ্যমিক রিপোর্ট

নতুন অর্থবছরের বাজেটে মানবসম্পদ উন্নয়ন খাতে ২১ হাজার ১১২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। যা মোট বাজেটের ২১.১০ শতাংশ।

বাজেটে মানবসম্পদ উন্নয়নে ছাত্রীদের পাশাপাশি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আগামী অর্থবছরে ১২১টি উপজেলায় দরিদ্র ছাত্রদের জন্য উপবৃত্তি কার্যক্রম চালু করার

প্রস্তাব করা হয়েছে।

অর্থ উপদেষ্টা বাজেট প্রস্তাবে বলেন, নারী শিক্ষায় তাৎপর্যপূর্ণ অগ্রগতির ফলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ছাত্রীর সংখ্যা ৫২ শতাংশে উন্নীত হয়েছে। এ অবস্থায় ছাত্রদের ভর্তির হার বাড়ানোর লক্ষ্যে ছাত্রী উপবৃত্তির পাশাপাশি আগামী বছর ১২১টি জেলায় দরিদ্র ছাত্রদের জন্য উপবৃত্তি কার্যক্রম চালু করা হবে।